

আলিম ফাজিল কামিলকে কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে ন্যস্ত করবেন না

জমিয়াতুল মোদারেছীন

শ্রেণি বিজ্ঞপ্তি ৪. মাদ্রাসা শিক্ষা ধারার আলিম, ফাজিল ও কামিল শ্রেণীসমূহকে কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে ন্যস্ত করা সম্পর্কিত কিছু বিভ্রান্তিকর খবরে আমরা দারুণভাবে উদ্বেগ বোধ করছি। মাদ্রাসা শিক্ষা ধারার ঐতিহ্য, বৈশিষ্ট্য ও স্বাভাবিক অঙ্গুণ রেখে এর ফাজিল ও কামিলের তিনটি প্রদানের জন্য একটি স্বতন্ত্র এফিলিয়েটিং আরবী ইসলামী বিশ্ববিদ্যালয়

প্রতিষ্ঠার দাবী এ দেশের উলামা-মাশায়েখ, ইসলামী চিন্তাবিদ ও মাদ্রাসার ছাত্র-শিক্ষকদের বহুকালের। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর যে মাদ্রাসা শিক্ষা সংস্কার কমিটি গঠন করা হয় এবং যে কমিটি যথাসময় সরকারের নিকট তাদের সুপারিশমালা পেশ করেছে ও যা সরকারের সক্রিয় বিবেচনামূলক আলোচনা ও ৩-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

জমিয়াতুল মোদারেছীন

৮-এর পৃষ্ঠার পর

সুপারিশমালায় একটি পূর্ণাঙ্গ এফিলিয়েটিং ক্ষমতা সম্পন্ন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কাজ অবিলম্বে বাস্তবায়ন করতে হবে বলে সুস্পষ্ট ও দাবীদারী সুপারিশ রয়েছে। মাদ্রাসার ছাত্র-শিক্ষক, উলামা-মাশায়েখ ও দেশের ইসলামী জনতা অবিলম্বে ঐ সুপারিশ বাস্তবায়নের জন্যই দাবী জানিয়ে আসছে। এর কোন বিকল্প কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। আমরা অতি আনন্দের সাথে লক্ষ্য করে আসছি, বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর থেকে মাদ্রাসার ছাত্র-শিক্ষকদের দীর্ঘকালের দাবীদারী বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করে চলছেন। দেশনেত্রী প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ও তার সরকারের প্রতি তাই এশিয়ার সাথে সংশ্লিষ্ট সকল মহল কৃতজ্ঞ এবং সরকারের সাথে তাদের গভীর সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বিদ্যমান। এতদনুসারে পরিস্থিতিতে কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে মাদ্রাসার আলিম, ফাজিল, কামিলশ্রেণীসমূহ ন্যস্ত করার কথা ভুলে যে মহল বিভ্রান্তি সৃষ্টির অপপ্রয়াস চালাচ্ছে তাদের উদ্দেশ্যে কিছুতেই সং হতে পারে না। মাদ্রাসা শিক্ষক ও কর্মচারীদের একমাত্র সংগঠন বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীন, মাদ্রাসা ছাত্রদের বিভিন্ন সংগঠন এবং এ শিক্ষার ওজাকালী ও ব্রহ্মধারী সকল মহল কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে মাদ্রাসার ফাজিল-কামিল তথা কোন স্তর বা শ্রেণীকে ন্যস্ত করার যোর বিরোধী। তারা এরূপ উদ্যোগ বা পদক্ষেপকে মাদ্রাসা শিক্ষা ধারার ঐতিহ্য, স্বাভাবিক ও বৈশিষ্ট্য বিন্যাসী তৎপরতা মনে করে। তাই এরূপ কোন পদক্ষেপ যান্ত্রে নেয়া না হয় উচ্চনা আমরা সরকারের নিকট জোর দাবী জানাচ্ছি। একই সাথে আমরা রাজধানীর উপকণ্ঠে একটি পূর্ণাঙ্গ এফিলিয়েটিং ক্ষমতা সম্পন্ন ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে ফাজিল, কামিল স্তরকে তার অধীনে ন্যস্ত করার জোর দাবী জানাচ্ছি।

ঢাকার মহাশয়ীস্থ বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীনের কেন্দ্রীয় কার্যালয়ে জমিয়াত সজাপতি মাওলানা এম. এ. মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত টার্মিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী উপরোক্ত বিবৃতি প্রদান করা হল। সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মহাসচিব মাওলানা এম. এ. লতীফ, যুগ্ম-মহাসচিব মাওলানা রুহুল আমীন খান, মাওলানা সাকিব আহমদ মোমতাজী, মাওলানা নূর মোহাম্মদ খান, মাওলানা জয়নুল আবেদীন, মাওলানা ইউনুস, মাওলানা শাহীউদ্দীন তুইয়া প্রমুখ নেতা।